

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ১৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ জুন, ২০১৬

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০২৭.২০১৪-৮৮৬—যেহেতু, জনাব মোঃ আব্দুল বাছেত, ভাইস চেয়ারম্যান, মিঠাপুরের উপজেলা পরিষদ, রংপুর এর বি঱ক্কে নির্বাচিত হয়ে গত ২৭ মে, ২০১৪ তারিখে শপথ গ্রহণের পর হতে অদ্যাবধি উপজেলা পরিষদের সভাসমূহে যোগদান না করার অভিযোগের সত্যতা পাওয়া গিয়াছে এবং তার বি঱ক্কে দায়েরকৃত ফৌজদারী মামলাসমূহের প্রকৃতি গুরুতর যা রাষ্ট্রের স্বার্থের হানিকর

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(১)(ক), ১৩(১)(খ) ও ১৩(১)(চ) ধারার অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কারণ দর্শনোর নোটিশ প্রদান করা হয় এবং রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত কারণ দর্শনোর নোটিশ থাপককে না পেয়ে ফেরত আসে;

যেহেতু, নির্বাচিত হয়ে গত ২৭ মে ২০১৪ তারিখে শপথ গ্রহণের পর হতে অদ্যাবধি উপজেলা পরিষদের মাসিক সভাসমূহে যোগদান না করা এবং তার বি঱ক্কে দায়েরকৃত ফৌজদারী মামলাসমূহের সাথে সংশ্লিষ্ট অপরাধের প্রকৃতি গুরুতর, বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(১)(ক), ১৩(১)(খ) ও ১৩(১)(চ) ধারায় পরিষদ সভায় অনুপস্থিত থাকা ও রাষ্ট্রের স্বার্থের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(২) ধারা অনুযায়ী রংপুর জেলার মিঠাপুরের উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ আব্দুল বাছেত-কে মিঠাপুরের উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মষ্টন  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১২৬৪১ )

মূল্য : টাকা ৮.০০